

💵 কুরআন ও সুন্নাহর দৃষ্টিকোণে স্বপ্ন ও তার ব্যাখ্যা

বিভাগ/অধ্যায়ঃ গ্রন্থের বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ আবুল্লাহ শহীদ আবুর রহমান (ইসলামহাউস,কম)

ভালো স্বপ্ন আল্লাহ তা'আলার পক্ষ থেকে

शित्य এসেছে: আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, الرُّوْيَا الصَّالِحَةُ مِنَ اللهِ، فَإِذَا رَأَى أَى أَحَدُكُمْ مَا يُحِبُّ، فَلَا يُحَدِّثْ بِهَا إِلَّا مَنْ يُحِبُّ، وَإِنْ رَأَى مَا يَكْرَهُ فَلْيَتْفُلْ عَنْ يَسَارِهِ ثَلَاتًا وَلْيَتَعَوَّذْ بِاللهِ مِنْ شَرِّ الشَّيْطَانِ وَشَرِّهَا، وَلَا يُحَدِّثْ بِهَا أَحَدًا فَإِنَّهَا لَنْ تَضُرُّهُ»

"ভালো ও সুন্দর স্বপ্ন আল্লাহ তা'আলার পক্ষ থেকে হয়ে থাকে আর খারাপ স্বপ্ন শয়তানের পক্ষ থেকে। যদি কেউ ভালো স্বপ্ন দেখে তাহলে তা শুধু তাকেই বলবে যে তাকে ভালোবাসে। অন্য কাউকে বলবেনা। আর যদি স্বপ্নে খারাপ কিছু দেখে তাহলে শয়তান থেকে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে। (বলবে, আউযুবিল্লাহি মিনাশ শাইতানির রাজীম) এবং বাম দিকে তিনবার থুথু নিক্ষেপ করবে। আর কারো কাছে স্বপ্নের কথা বলবে না। মনে রাখবে এ স্বপ্ন তার ক্ষতি করতে পারবে না"।[1]

এ হাদীস থেকে আমরা জানতে পারলাম:

এক. ভালো স্বপ্ন আল্লাহ তা'আলার পক্ষ থেকে হয়ে থাকে।

দুই, খারাপ স্বপ্ন শয়তানের পক্ষ থেকে এসে থাকে।

তিন. খারাপ স্বপ্ন দেখলে সাথে সাথে তিনবার বাম দিকে থুথু ফেলে আউজুবিল্লাহি মিনাশ শাইতানির রাজীম বলতে হবে। তবে সত্যিকার থুথু ফেলবে না। মানে মুখ থেকে পানি নির্গত হবে না। শুধু আওয়ায করবে। কেননা হাদীসে নাফাস শব্দ এসেছে। যার অর্থ এমন হাল্কা থুথু যাতে পানি বা শ্লেষা নেই।

চার. এই আমলটুকু করলে খারাপ স্বপ্ন বাস্তবায়িত হবে না।

পাঁচ, খারাপ স্বপ্ন দেখলে কারো কাছে তা বর্ণনা করবে না।

ছয়. ভালো স্বপ্ন দেখলে তার কাছেই বর্ণনা করবে যে তাকে ভালোবাসে। শত্রু ভাবাপন্ন বা হিংসুক ধরনের কারো কাছে ভালো স্বপ্নও বর্ণনা করতে নেই। কারণ, হতে পারে ভালো স্বপ্নটির একটি খারাপ ব্যাখ্যা সে শুনিয়ে দেবে। ফলে অস্থিরতা, দুঃচিন্তা ও উদ্বেগ বেড়ে যাবে।

দেখুন ইউসুফ আলাইহিস সালাম স্বপ্ন দেখেছিলেন:

﴿إِذا قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَّأَبُتِ إِنِّي رَأَياتَ أَحَدَ عَشَرَ كَوا كَبًا وَٱلشَّماسَ وَٱلاَقَمَرَ رَأَياتَهُم اللهِ سَجدِينَ ٤ قَالَ يُوسُفُ لِأَبِيهِ يَأْبُتِ إِنِّي رَأَياتَ أَحَدَ عَشَرَ كَوا كَبًا وَٱلشَّماسَ وَٱلاَقَمَرَ رَأَياتَهُم اللهِ إِنِّ مَدُولًا مَّبِينَ اللهُ يَبُنَيُّ لَا تَقاصِمُ صالاً رُعايَاكَ عَلَى ٓ إِخاوَتِكَ فَيكِيدُواْ لَكَ كَيادًا اللهِ إِنَّ ٱلشَّياطُنَ لِلنَاإِنسَّنِ عَدُولًا مُبيناً ٥﴾ يُبيناً ٥ اللهُ كيادًا إِنَّ ٱلشَّياطُنَ لِلنَاإِنسَّنِ عَدُولًا مُبيناً ٥ اللهُ لَيوسَف: ٤، ٥]

"যখন ইউসুফ তার পিতাকে বলল, হে আমার পিতা, আমি দেখেছি এগারটি নক্ষত্র, সূর্য ও চাঁদকে, আমি দেখেছি



তাদেরকে আমার প্রতি সিজদাবনত অবস্থায়।'সে বলল, হে আমার পুত্র, তুমি তোমার ভাইদের নিকট তোমার স্বপ্নের বর্ণনা দিও না, তাহলে তারা তোমার বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র করবে। নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য শক্র"। [সূরা ইউসুফ, আয়াত: ৪-৫]

এ আয়াতে আমরা দেখলাম ইউসুফ আলাইহিস সালাম স্বপ্ন দেখে তার পিতাকে বর্ণনা করলেন। আর পিতা আল্লাহ তা'আলার নবী ইয়াকুব আলাইহিস সালাম তাকে স্বপ্নের কথা নিজ ভাইদের বলতে নিষেধ করলেন। কারণ, ভাইয়েরা তাকে ভালোবাসত না, বরং হিংসা করত।

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ২২৬১

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14977

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন